

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদার সাথে  
উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি :	জনাব আবদুল কাইয়ুম উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর।
স্থান :	উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় :	০৩ মার্চ, ২০২৩, বেলা ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি :	পরিশিষ্ট-ক।

সচিব

স্বাক্ষর

০৬/০৩/২৪

মীর এ কে এম আবুল খায়ের  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
(সংশ্লিষ্ট দায়িত্ব)  
মঠবাড়ীয়া, পিরোজপুর।

উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত ব্যক্তিবর্গকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে তিনি শ্রদ্ধাভরমত চিন্তে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি শ্রদ্ধার সাথে স্মরণ করেন স্বাধীনতা সংগ্রামী বীর শহিদদের। তিনি আরো জানান যে, হাজার বছরের ইতিহাসে বাঙ্গালীর শ্রেষ্ঠতম অর্জন বাংলাদেশের স্বাধীনতা। আর এই স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের সংগে যার নাম চিরস্মরণীয় হয়ে আছে, তিনি হলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি বাঙ্গালী জাতির অবিসংবাদিত নেতা। নিপীড়িত জাতির ভাগ্যাকাশে যখন দুর্ভাগ্যের কানোমেঘ, তখনই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর গৌরবময় আবির্ভাব। তিনিই একমাত্র ব্যক্তি যিনি অসাধারণ দেশপ্রেম ও দূরদর্শী নেতৃত্ব দিয়ে সমগ্র জাতিকে বিভিন্ন ক্রান্তিকালে এক্যবদ্ধ করতে পেরেছিলেন। সভাপতি আরো বলেন ১৯২০ সালের ১৭ মার্চ স্বাধীনতার ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মগ্রহণ করেন। বাংলাদেশে প্রতি বছর ১৭ মার্চ জাতীয় শিশু দিবস হিসেবে পালিত হয়। ১৯৬৬ সালে প্রথম বাংলাদেশে জাতীয় শিশু দিবস পালন করা হয়। আজকের শিশুই আগামী দিনের সক্ষম নাগরিক। শিশুদের প্রতি বঙ্গবন্ধুর দরদ ছিলো অপরিসীম। শিশুদের খুবই ভালবাসতেন তিনি। তার জন্মদিনে তিনি শিশুদের সঙ্গে কাটাতে পছন্দ করতেন। ঐদিন শিশুরা দলবেধে তাকে শুভেচ্ছা জানাতে যেত। এসব সার্বিক বিষয় বিবেচনা করে তার জন্মদিনকে জাতীয় শিশু দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত হয়েছিল। যথাযোগ্য মর্যাদায় এবং উৎসবমুখর পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপনের লক্ষ্যে সভাপতি সকলের সহযোগিতা কামনা করেন।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়।

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়/বাস্তবায়নে
১৬/০৩/২০২৪ সকাল ০৯.৩০ মি.	<b>চিহ্নাঙ্কন প্রতিযোগিতাঃ</b> ক-গ্রুপ : প্রি-প্রাক থেকে ২য় শ্রেণি খ-গ্রুপ : ৩য় থেকে ৫ম শ্রেণি বিষয় : বঙ্গবন্ধু <b>রচনা প্রতিযোগিতাঃ</b> ক- গ্রুপ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি বিষয় : খোকা থেকে বঙ্গবন্ধু। খ- গ্রুপ : ৯ম থেকে ১০ শ্রেণি বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু। গ-গ্রুপ : একাদশ থেকে দ্বাদশ শ্রেণি বিষয় : বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন।	৫৬নং মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়	উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা শিল্পকলা একাডেমী, মঠবাড়ীয়া
১৭/০৩/২০২৪ সকাল ১০.০০মি.	বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	উপজেলা পরিষদ চত্বর	উপজেলা প্রশাসন মঠবাড়ীয়া
১৭/০৩/২০২৪ সকাল ১০.১৫-১১.০০ মি.	সাংস্কৃতিক অনুষ্ঠান	উপজেলা পরিষদ মিলনায়তন	উপজেলা প্রশাসন ও উপজেলা শিল্পকলা একাডেমি
১৭/০৩/২০২৪ সকাল ১১.০০ মি	আলোচনা সভা ও পুরস্কার বিতরণী	উপজেলা পরিষদ মিলনায়তন	উপজেলা প্রশাসন, মঠবাড়ীয়া
১৭/০৩/২০২৪ সুবিধামত সময়ে	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর আত্মার মাগফেরাত কামনা করে মসজিদ, মন্দির, গীর্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনা।	মসজিদ/মন্দির/গীর্জা ও অন্যান্য উপাসনালয়	সংশ্লিষ্ট মসজিদ/মন্দির/গীর্জা ও অন্যান্য উপাসনালয় কর্তৃপক্ষ